যুগান্তর

তারিখ ... 11 JUN 2016 ...
পৃষ্ঠা ...৫... কলাম ...৬...

# শিক্ষাবিষয়ক কনটেন্ট শেয়ারিং পোর্টাল এডুটিউববিডি

বাংলাদেশের প্রথম শিক্ষাবিষয়ক কনটেন্ট শেয়ারিং পোর্টাল হিসেবে কাজ করেছে এডুটিউববিডি ডটকম। দেশে বেশ কিছু শিক্ষাবিষয়ক পোর্টাল থাকলেও কিছু কিছু পোর্টাল শুধুমাত্র সাজেশন, কিছু পোর্টাল শুধু ভিডিও, কিছু পোর্টাল অনলাইন কোর্সকে প্রাধান্য দিচ্ছে। এসবের মধ্যে edutuebd.com কিছু ভিন্নমাত্রায় কাজ করছে।



এই পোর্টালে যে কেউ ফ্রিতে অ্যাকাউন্ট খুলে যে কোনো নোট, প্রশ্ন সাজেশন ওয়ার্ড, পিডিএফ, পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন এক্সেল ফাইল, ভিডিও হিসেবে রাখতে পারবেন, তারপর অনলাইনেই শেয়ার এর মাধ্যমে অন্যের সঙ্গে নিজের ফেসবুক বা টুইটারে এ লিঙ্ক শেয়ার করতে পারবে। অন্য ব্যবহারকারীরা কি ধরনের নোট, সাজেশন, ফাইল আপলোড করছে তা দেখতে পারবেন, প্রয়োজনে ডাইনলোড করতে পারবেন।

যখন দেখবেন, আপনার প্রয়োজনীয় শিক্ষার উপকরণ আরেকজন অ্যাকাউন্টহোল্ডার প্রায় প্রতিনিয়ত আপলোড করছে তাকে ফলো করতে পারবেন। এভাবে শিক্ষক অথবা প্রতিষ্ঠান অ্যাকাউন্ট চ্যানেল খুলে প্রয়োজনীয় নোট দিলে, ছাত্র-ছাত্রীরা ফলো করতে পারবে এবং খুব সহজেই সবার কাছে নতুন ফাইল এর নোটিফিকেশন চলে যাবে। যেমন ধরুন, আপনি একটা ব্যতিক্রমধর্মী অংকের প্রশ্ন জানেন এবং সমাধানও করে ফেললেন। সেটা সবাই দেখতে পাবে।

এডুটিউব ডটকমের ব্যবস্থাপনা পরিচালক শারমিন মাহজাবিন বলেন, প্রচারণার অভাবে এডুটিউববিডি ডটকম পোর্টালের কথা এখনও অনেকেই জানে না। বাংলাদেশের প্রেক্ষাপটে যেখানে শিক্ষার ভালো সুযোগ-সুবিধা শহরের স্কুলগুলোতে সীমাবদ্ধ। ভালো স্কুল ও শিক্ষকরা এগিয়ে এলে শহরের সীমানার বাইরে সুবিধাবঞ্চিত ছেলেমেয়েদের কাছে চলে যাবে এ ব্যাপারগুলো। গ্রাম থেকে শহরে এসে অনেক কাঁড়ি কাঁড়ি টাকা খরচ করে, ছেলেমেয়েরা বড় বড় কোচিং সেন্টারে ভর্তি হয়ে কোচিং করে। অথচ লেকচার নোট বা প্রশ্নগুলো অনলাইনে পাওয়া গেলে হয়তো অনেক ছেলেমেয়ে ঢাকায় কষ্ট করে এসে মেসে থেকে কোচিং-এ টাকা খরচ করত না। তারপরও এডুটিউববিডি ডটকম নিরলস চেষ্টা চালিয়ে যাচ্ছে। পোর্টালের সঙ্গে বেশকিছু শিক্ষককে সম্পৃক্ত করে নিজস্ব পেজ থেকে সরাসরি ক্লাস নেয়া শুরু হয়েছে। এখানে পদার্থবিজ্ঞানের গুরুত্বপূর্ণ ১৫টি টপিক-এর উপর প্রায় ১০০টির মতো ধারণা দেয়া হয়েছে। ইতিমধ্যে রাজউক স্কুল, ২০১৫ সালের ষষ্ঠ শ্রেণী থেকে দশম শ্রেণী পর্যন্ত প্রশ্ন দিয়েছে, সাউথয়েস্ট স্কুলের প্রশ্নও পাওয়া যাচ্ছে।

—আইটি ডেস্ক